দৈনিক বাংলা

তারিখ ... ২৭।৬।৮১ ... ...
পৃষ্ঠা ... ... ... ... ...



# মাথাপিছু সরকারের ব্যয়ঃ ক্যাডেট কলেজে ১৪ হাজার, বেসরকারী কলেজে ৫ শত টাকা

( ইত্তেফাক রিপোর্ট )

শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন গতকাল (শুক্রবার) জাতীয় সংসদে জাপের (মোঃ) অধ্যাপক মোজাফফর আহমদের এক প্রশ্নের জবাবে জানান যে, দেশের ক্যাডেট কলেজসমূহের একজন ছাত্রের পেছনে সরকার বছরে ১৪ হাজার ৫ শত ৮৩

( ৮ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## মাথাপিছু সরকারের ব্যয়

( ১ম পৃঃ পর)

টাকা খরচ করেন। পক্ষান্তরে বেসরকারী কলেজের একজন ছাত্রের পেছনে বছরে ৫ শত ৩৫ টাকা এবং বেসরকারী উচ্চ বিদ্যালয়ের একজন ছাত্রের পেছনে ১৬২ টাকা খরচ করেন।

জাতীয় লীগের প্রফেসর মফিজুল ইসলামের অপর এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী জানান যে, দেশে সরকারী হাইস্কুলের সংখ্যা ১৫৫টি এবং বেসরকারী হাই স্কুলের সংখ্যা ৮ হাজার ৭৯৯টি। ১৯৮০ সনের জুলাই হইতে ১৯৮১ সনের এপ্রিল পর্যন্ত সরকার সরকারী হাইস্কুলের জন্য ৪ কোটি ৩৯ লক্ষ ৯৪ হাজার ৩২৮ টাকা এবং বেসরকারী হাইস্কুলের জন্য ২৮ কোটি ৬৩ লক্ষ টাকা ব্যয় করিয়াছেন।